দামুড়হুদায় বিভিন্ন প্রকল্পের কাজ পরিদর্শন করলেন ইউএনও

দামুড়হুদায় বিভিন্ন প্রকল্পের কাজ পরিদর্শন করেছেন উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা। আজ বুধবার বেলা ২টার সময় তিনি সরজমিনে পরিদর্শন করেন।

২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা /কাবিটা -২য় পর্যায়) কর্মসূচির আওতায় দামুড়হুদা সদর ইউনিয়নের মোক্তারপুরে রাস্তায় মাটি ভরাটকরণ, কেশবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠের ভাংগনরোধে মাটি ভরাট, দেউলি এবং পাটাচোরা গ্রামে রাস্তা ফ্ল্যাট সলিংকরণ প্রকল্পের কাজ পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, ইউপি সদস্য হাসান আলী সহ স্থানীয় এলাকবাসী।

এসময় উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাত ধরেই বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল। উন্নয়নের ধারা যাতে অব্যাহত থাকে তারই ধারাবাহিকতাই দামুড়হুদা উপজেলায় সরকারি বিভিন্ন প্রকল্পের কাজ চলছে। প্রকল্পের কাজ সঠিক সময়ে যাতে শেষ হয় সে ব্যাপারে তিনি দিকনির্দেশনা দেন। কাজে কোন রকম ত্রুটি বিচ্যুতি মেনে নেওয়া হবে না বলে তিনি দিকনির্দেশনা দেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে উন্মুক্ত বাজেট ঘোষণা

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে ২০২৩-২৪ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। আজ রবিবার বিকাল ৩ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদের চেয়ারম্যানের কার্যালয়ে এই উন্মুক্ত

বাজেট ঘোষণা করেন হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন।

২০২৩-২৪ অর্থ বছরে উন্মুক্ত বাজেটে সম্ভাব্য আই ও ব্যয় এর খসড়া অনুযায়ী ২৩-২৪ইং অর্থ বছরে ১কোটি ৮৪ লক্ষ ৬৩ হাজার ৫শত ৮৫ টাকার চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়। হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য শহিদুল ইসলাম, আ: হান্নান পটু, শাহজামাল, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল্লাহ সেলিম, সাবিনা ইয়াসমিন, রওশনারা খাতুনসহ ইউনিয়নের সকল ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন।

দামুড়হুদায় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্টের বাজেট বিষয়ে আলোচনা সভা

দামুড়হুদায় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-৩) প্রকল্পের অগ্রগতি ও বাজেট বিষয়ে উপজেলা পর্যায়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বেলা ১২টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে দামুড়হুদা উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী প্রকৌশলী আব্দুর রশীদ, সহকারী প্রকৌশলী আক্তারুজ্জামান, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত

আলী, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলি ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন ও নাটুদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাফিকুল ইসলামসহ ৮ টি ইউনিয়ন পরিষদের সচিবগণ।

এসময় ইউএনও রোকসানা মিতা বলেন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম শক্তিশালীকরণ, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও টেকসইকরণে এলজিএসপি-৩ উল্লেখযোগ্য অবদান রাখছে। নারীর ক্ষমতায়নসহ নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধি ও গ্রামীণ দারিদ্র হ্রাসকরণে বিশেষ অবদান রাখার পাশাপাশি ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে সকল ইউনিয়ন পরিষদকে কার্যকর স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে রূপ দিতেও বিশেষ ভূমিকা রাখছে।

দামুড়হুদায় জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

“বঙ্গবন্ধুর সোনার বাংলায়, শেখ হাসিনা’র অবদান বিনামূল্যে লিগ্যাল এইডে আইনি সেবাদান” এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় আইনগত সহায়তা দিবস ২০২৩ উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

এ উপলক্ষে আজ শুক্রবার উপজেলা লিগাল এইড কমিটির আয়োজনে সকাল সাড়ে ৯টায় র্যালি ও সকাল ১০ টায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা লিগাল এইড কমিটির সদস্য সচিব ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মশিউর রহমান, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুতুবউদ্দিন, দেউলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক

জাহানারা পারভীন, দশমী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নারায়ণ চন্দ্র পাল, হাউলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সিরাজুল হক, বাস্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসমোতারা, নাপিতখালি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তমাল উদ্দিন, উজিরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সেলিম উদ্দিন, নতুন বাস্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মতিয়ার রহমান। উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফয়জুল ইসলাম, উপজেলা সমাজসেবা কার্যালয়ের আনিছুর রহমান, হাফিজুর রহমান, আবু সায়েম নিয়াজ প্রমূখ।

সভায় বক্তারা বলেন লিগাল এইড মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র একটি মহতী উদ্যোগ। ন্যায় সঙ্গত ভাবে সবাই যেনো সমভাবে আইনি সহায়তা পায়, গরিব অসহায় দূস্থ ব্যক্তিদের বিনামূল্যে আইনি সহায়তা পেতে এবং যে কোন পর্যায়ের ব্যক্তির আইনগত পরামর্শ গ্রহণ ও মধ্যস্থতার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি লিগ্যাল এইড অফিসের মাধ্যমে করতে পারবেন। বিরোধ হলেই মামলা নয়, লিগাল এইড অফিসে আপোষও হয়। পারিবারিক, দেওয়ানি এবং আপোষ যোগ্য মামলায় বিজ্ঞ আদালত থেকে প্রেরণ করলে কিংবা সরাসরি লিগাল এইড অফিসে অভিযোগের মাধ্যমে পক্ষদের মধ্যে লিগাল এইড অফিসারের মধ্যস্থতায় আপোষ করতে পারিবেন। আপোষ মাধ্যমে নিষ্পত্তিতে উভয়পক্ষ লাভবান হয় এবং সময় ও অর্থের অপচয় রোধ হয়।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজে বিদায় ও নবীন বরণ অনুষ্ঠান

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজ এর এসএসসি পরিক্ষার্থীদের বিদায় ও ৬ষ্ট এবং একাদশ শ্রেণির নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১১টার সময় পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের আয়োজনে স্কুল চত্বরে বিদায় ও বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সভাপতি ও সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু।

এসময় বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী,কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম বিশ্বাস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আ: মতিন।

এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহবায়ক সেলিম উদ্দিন বগা, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য এম নুরুন্নবী, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিনুল হক, উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, নূরুল ইসলাম, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু প্রমূখ।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন অত্র স্কুলের ৯ম শ্রেণির ছাত্রী রিভা, মানপত্র পাঠ করেন ১০ শ্রেণির ছাত্রী সামিয়া। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অত্র স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ফাহমিদা রহমান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের প্রভাষক মিজানুর রহমান।

দামুড়হুদায় বিজ্ঞান ও

প্রযুক্তি ক্লাবের উদ্বোধন

দামুড়হুদায় বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের শুভ উদ্বোধন করলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলে বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের শুভ উদ্বোধন করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের প্রফেসর সুজাউদ্দৌলা, পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক মো: নজরুল ইসলাম, সহকারী শিক্ষক আসাদুজ্জামান, মোছা: জামেনা খাতুন, হুসাইন ইসলাম, ফারুক হোসেন।

অনুষ্ঠানটির সঞ্চালনা করেন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের সদস্য সচিব মোঃ শফিকুল ইসলাম।

দামুড়হুদায় জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে আইনগত সহায়তা বিষয়ে উপজেলা পর্যায়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দুপুর ৩টায় উপজেলা লিগ্যাল এইড কমিটির আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

উপজেলা লিগ্যাল এইড কমিটির সভাপতি ও দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু’র সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা লিগ্যাল এইড অফিসার (সিনিয়র সহকারী জজ)

মো: সাইফুদ্দীন হোসাইন।

উপজেলা লিগ্যাল এইড কমিটির সদস্য সচিব ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা’র সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ: করিম বিশ্বাস, দামুড়হুদা মডেল থানার অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, দর্শনা থানার অফিসার এসআই সোহেল রানা, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, যুগ্ন সাধারণ সম্পাদক শেখ হাতেম, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মশিউর রহমানসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

দামুড়হুদায় সার ও বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় সার ও বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বেলা ১১টায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন সার বীজ মনিটরিং কমিটির সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডা: মো: নাজমুল হাসান শাওন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, দামুড়হুদা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম, বিসিআইসি সার ডিলার মো: আবু হানিফ, ইয়াসিন

আলী, রবিউল ইসলামসহ উপজেলার সার ও বীজ ডিলার বৃন্দ।

দামুড়হুদা কাদিপুরে কিতাব আলী হত্যা মামলার রহস্য উদঘাটন

দামুড়হুদা উপজেলার কাদিপুরে মাদক ব্যবসায়ী কিতাব আলীকে (৪৮) কুপিয়ে ও গলাকেটে হত্যা মামলার ৩জন আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তারকৃত তিনজনই হত্যা ঘটনার সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত।

গত বৃহস্পতিবার (২০) এপ্রিল রাতে অভিযান চালিয়ে তাদেরকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের পর দুই আসামি বিজ্ঞ আদলতে ফেীজদারি কার্যবিধি আইনের ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দী দেয়। গতকাল শুক্রবার (২১ এপ্রিল) বেলা সাড়ে ১১টায় জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল মামুন এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান।

গ্রেপ্তারকৃত আসামিরা হলেন দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গ্রামের স্কুলপাড়ার শাহাবুদ্দিন শাবুর ছেলে জাহাঙ্গীর (৩৮), একই পাড়ার রমজান আলীর ছেলে সাইফুল ইসলাম (৪৪) ও লোকনাথপুর মাঝেরপাড়ার মিলন হোসেনের ছেলে হাফিজুর (২০)।

পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল মামুন বলেন, ‘হত্যা মামলার মাত্র ১২ ঘণ্টার মধ্যে তথ্য প্রযুক্তি ব্যবহার করে ঘটনার সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত ৩ জনকে গ্রেপ্তার ও হত্যা রহস্য উদঘাটন করা হয়েছে। ডিবি ও থানা পুলিশের একাধিক টিম হত্যা রহস্য উদঘাটনে কাজ করেছে। গ্রেপ্তারকৃত আসামিরা স্বীকার করেছে কিতাব আলী তাদের পরিচিত ছিলো। গত মঙ্গলবার রাত ১০টার দিকে কিতাব আলী ও আসামিরা ঘটনাস্থলে বসে গাঁজা সেবন করে। এসময় টাকা পয়সার লেনদেন নিয়ে তাদের মধ্যে বাগবিতণ্ডার সৃষ্টি হয়। এক পর্যায়ে কিতাব আলীর সঙ্গে থাকা একটি হাসুয়া কেড়ে নিয়ে আসামি সাইফুল ইসলাম, জাহাঙ্গীর ও হাফিজুর তাকে কুপিয়ে জখম করে। পরে গলা কেটে হত্যা নিশ্চিত করে পালিয়ে যায়। তিনি আরও বলেন, গ্রেপ্তারকৃত আসামিদের মধ্যে জাহাঙ্গীর ও হাফিজুর বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ১৬৪ ধারায়

স্বীকারোক্তিমূলক জবানবন্দী দিয়েছে। গ্রেপ্তারকৃত তিন জনকেই আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য, গত বুধবার (১৯ এপ্রিল) সকাল সাড়ে ১০টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গ্রামের মাঠ থেকে কিতাব আলীর লাশ উদ্ধার করে পুলিশ। এ ঘটনার পরদিন বৃহস্পতিবার দামুড়হুদা মডেল থানায় ৩০২/৩৪ ধারায় মামলা রুজু হয়। যার নম্বর ১০

দামুড়হুদা মুক্তারপুরে এমপির তহবিল থেকে ঈদ সামগ্রী বিতরণ

দামুড়হুদা মুক্তারপুরে চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সাবেক হুইপ বীরমুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দার (সেলুন) এর ব্যক্তিগত তহবিল থেকে দুঃস্হদের মাঝে ঈদসামগ্রী বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল ৪ টায় দামুড়হুদা সদর ইউনিয়নের মোক্তারপুর ৮ নং ওয়ার্ডে অসহায় দুঃস্থদের মাঝে এসব ঈদসামগ্রী বিতরণ করা হয়।

ঈদসামগ্রী বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক ছাত্র নেতা ও উপজেলা যুবলীগ নেতা শেখ হাফিজুর শামসের। বিশেষ অতিথি ছিলেন মোক্তারপুর গ্রামের প্রবীণ আওয়ামী লীগ নেতা আঃ মান্নান, বীর মুক্তিযোদ্ধা আনছার আলী, সাবেক ছাত্র নেতা ও সাংবাদিক শেখ হাতেম, আওয়ামী লীগ নেতা জিবরাঈল হোসেনসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

এসময় জেলা আওয়ামীলীগের সভাপতি ও সাবেক হুইপ জননেতা সোলাইমান হক জোয়ার্দার সেলুন এমপি মহোদয় এর পক্ষ থেকে সদর ইউনিয়নের মোক্তারপুর গ্রামের অসহায় দুঃস্থ মানুষের জন্য ৫০০ পেকেট ঈদসামগ্রী উপহার প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে শেখ হাফিজুর শামসের বলেন- বর্তমান উন্নয়নমুখী সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সাধারণ খেঁটে খাওয়া মানুষ যাতে আনন্দ চিত্তে পবিত্র ঈদুল ফিতর পালন করতে পারে সে জন্য তিনি আন্তরিক এবং দলীয় নেতাকর্মীদের

দিকনির্দেশনা দিয়েছেন। তারই ধারাবাহিকতায় জননেতা সেলুন জোয়ার্দার এমপি মহোদয় নিজস্ব তহবিল হতে এ সামান্য ঈদ উপহার দিয়েছেন আপনারা তা সাদরে গ্রহণ করুন এবং বাংলাদেশ আওয়ামী যুবলীগ দামুড়হুদা উপজেলা শাখার পক্ষ থেকে আপনাদের জানাই পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা।

চুয়াডাঙ্গা ২ আসনে যিনিই নৌকার মাঝি হবেন আমরা ঐক্য বদ্ধ ভাবে তিনাকে (নৌকাকে) বিজয় করবো ইন্নশাল্লাহ্। ঈদসামগ্রী বিতরণী অনুষ্ঠানে সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন যুবলীগ নেতা মোঃ মিনারুল ইসলাম।